দৈনিক সংবাদ ... 05

তারিখ ..01 MAY 1986
পৃষ্ঠা... ..1...কলাম... ... ...

# ৪ঠা মে থেকে ৭ই মে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে

গণপ্রতিনিধিত্ব আদেশ--১৯৭২ এর ৫ ধারাবলে নির্বাচন কমিশনের নির্দেশে সরকার আগামী ৪ঠা মে থেকে ৭ই মে পর্যন্ত দেশের সকল সরকারী, বেসরকারী কলেজ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল, মাদ্রাসা, প্রাথমিক বিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, পিটিআই, পলিটেকনিক ইনষ্টিটিউট, মনোটেকনিক ইনষ্টিটিউট এবং ভি টি আই শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণের জন্য অধিকাংশ ক্ষেত্রেই দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। তাছাড়া শিক্ষকদের ওপর ভোট গ্রহণের দায়িত্বও অর্পিত হবে। এই প্রেক্ষিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ যাতে নির্দিষ্ট দিনে পোলিং পার্সোনেল হিসেবে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনের প্রস্তুতি গ্রহণ করতে পারেন এবং নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হতে পারে, তার নিশ্চয়তা বিধানের জন্য সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। খবর তথ্য বিবরণীর।

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শনিবার থেকে ক্লাস বন্ধ হয়ে যাচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস আগামী শনিবার থেকে ঈদুল ফিতর পর্যন্ত বন্ধ হয়ে যাচ্ছে। গতকাল বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচ্চ পর্যায়ের এক সভার সিদ্ধান্তে এই সুপারিশ করা হয়েছে। আজ বৃহস্পতিবার অনুষ্ঠেয় সিণ্ডিকেট সভায় সুপারিশটি অনুমোদিত হলে এই ছুটি চূড়ান্ত রূপ পাবে। বিশ্বস্তসূত্রে জানা গেছে, ওই সুপারিশটি অবিকৃতভাবে অনুমোদিত হবার সম্ভাবনাই বেশী।

পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী আগামী ১০ই মে থেকে ১৫ই জুন পর্যন্ত গরমের ছুটি, রমজান এবং ঈদুল ফিতর উপলক্ষে ক্লাস বন্ধ থাকার কথা ছিলো। ছুটি এগিয়ে আনার পেছনে আগামী ৭ই মে'র নির্বাচন একটি বড় কারণ বলে অনুমান করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রে আরো জানা গেছে যে, ছুটির এই নতুন সময়সূচী অনুমোদিত হলে ঈদের পর ক্লাস শুরু কয়েক দিন এগিয়ে আসতে পারে।

গতকাল বুধবার অনুষ্ঠিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এক সভায় আসন্ন কয়েকটি পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে ৪ঠা মে অনুষ্ঠেয় ২য় ও ৩য় পেশাগত এম, বি, বি এস পরীক্ষা, ১৯৮৩ সালের শেষ পর্ব মাষ্টার্স ডিগ্রীর (সনাতন) ৬ই মে'র পরীক্ষাসমূহ, ১৯৮৪ সালের ডিগ্রী অনার্সের ৪ঠা মে'র পরীক্ষাগুলো (সনাতন) এবং কোর্স পদ্ধতির ১৯৮৪ সালের ৩য় বর্ষ বি, এ, অনার্সের একই দিন অনুষ্ঠেয় সকল পরীক্ষা। স্থগিত এই পরীক্ষাগুলোর পরবর্তী সময়সূচী পরে জানানো হবে এবং পরীক্ষার অন্যান্য পূর্ব ঘোষিত সময়সূচী অপরিবর্তিত থাকবে বলে বিশ্ববিদ্যালয়সূত্র জানিয়েছেন।